

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স - ১৩০০ (আগরতলা, ১৮।৭)
বিশালগড়, ১৮ জুলাই ২০১৭

**বিশালগড়ে ছাত্র ও যুব সমাজের সচেতনতা বোধ এবং
সমাজসেবা বিষয়ক আলোচনাচক্র অনুষ্ঠিত**

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে গতকাল ছাত্র ও যুব সমাজের সচেতনতা বোধ ও সমাজ সেবা শীর্ষক এক কর্মশালা চড়িলামস্থিত লীলাদেব কমিউনিটি হলে আয়োজিত হয়। কর্মশালায় চড়িলাম ও বিশ্রামগঞ্জ এলাকার বিভিন্ন বিদ্যালয়ের একাদশ ও দ্বাদশ শ্রেণীর ১০০ জন ছাত্র-ছাত্রী অংশ গ্রহণ করে।

এই কর্মশালার আনুষ্ঠানিক সূচনা করে এম ডি সি মায়ারানী দেববর্মা বলেন, সুন্দর সমাজ গড়ে তোলার ক্ষেত্রে ছাত্র-ছাত্রীদের আরও বেশী করে সচেতন করে তুলতে লক্ষ্যে এ ধরনের কর্মশালা খুবই উপযোগী এবং এর প্রয়োজনীয়তা রয়েছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে চড়িলাম পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান পুষ্পরানী সিনহা, বিশালগড় মহকুমা ক্রীড়া আধিকারিক বিল্ব কুমার দেব, শিক্ষাবিদ আকবর আহমেদ প্রমুখ জাতীয় সংহতি, মূল্যবোধ, গার্হস্থ্য হিংসা প্রতিরোধে সচেতনতা প্রভৃতি বিষয়ের উপর আলোচনা করেন।
